

💵 যাকাত ও সাওম বিষয়ক দু'টি পুস্তিকা

বিভাগ/অধ্যায়ঃ রমযানের সাওমের গুরুত্ব রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

রম্যানের সাওমের গুরুত্ব

আল্লাহর মহান কিতাব ও তাঁর রাস্লের সুন্নাত প্রমাণ করে যে, যে তার সম্পদের যাকাত দেয় না তাকে কিয়ামতের দিন অবশ্যই শাস্তি দেওয়া হবে। সালাত ও যাকাতের পর গুরুত্বপূর্ণ বিধান হলো, সাওম পালন করা। সাওম ইসলামের পাঁচ স্তম্ভের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ، شَهَادَةِ أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، وَإِقَامِ الصَّلَاةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَحَجّ الْبَيْتِ، وَصَوْم رَمَضَانَ»

"পাঁচটি বস্তুর ওপর ইসলামের ভিত্তি স্থাপন করা হয়েছে। এ কথার সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া সত্যিকার কোনো ইলাহ নেই এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহর বান্দা ও রাসূল, সালাত কায়েম করা, যাকাত আদায় করা, বাইতুল্লাহর হজ করা এবং রম্যানের সাওম পালন করা"।[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৮; সহীহ মুসলিম, হাদীস নং ১৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=9674

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন